গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

সূচীপত্র

উপক্রমণিকা
সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী
সেকশন ২: কার্যক্রমসমূহের চূড়ান্ত ফলাফল/প্রভাব (outcome/impact)
সেকশন ৩: কৌলশগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা
সংযোজনী ১: শব্দসংক্ষেপ
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমনিকা

পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে ২০১৮ সালের ............. মাসের .......... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

# জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of National Legal Aid Services Organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ

আর্থিকভাবে অসচ্ছল, সহায়সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ জনগোষ্ঠীর আইনি অধিকার নিশ্চিতকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০০ সালে "আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০" প্রণয়ন করে। এ আইনের আওতায় সরকার "জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা" প্রতিষ্ঠা করে। সরকারি খরচে গত তিন বছরে অর্থ্যাৎ ২০১৫-২০১৭ সালে জেলা লিগ্যাল এইড অফিস, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, জাতীয় হেল্পলাইন কলসেন্টার এবং ঢকা ও চট্টগ্রামে স্থাপিত দুইট শ্রমিক আইন সহায়তা সেল থেকে নারী, পুরুষ ও শিশু সহ সর্বমোট **১,৬২,৩৫৮** (এক লক্ষ বাষট্টি হাজার তিনশত আটান্ন) জন অসহায় মানুষকে আইনি সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে কারাগারে আটক **৩১,৩১৬** জন কারাবন্দীকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। বিগত তিন বছরে লিগ্যাল এইড অফিস হতে দেওয়ানী, ফৌজদারী ও পারিবারিক মামলাসহ মোট ৪২,৫৩৪ টি মামলার নিস্পত্তি করা হয়েছে। ২০১৫ সালের জুলাই মাস ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত লিগ্যাল এইড অফিসে লিগ্যাল এইড অফিসারের মধ্যস্থতায় বিকল্প বিরোধ নিস্পত্তি (এডিআর) বিধিমালার আওতায় মামলা পূর্ব বিরোধ (প্রি-কেইস) এবং মামলা পরবর্তী মোকদ্দমা সহ ( পোস্ট-কেইস) মোট ৬,৪৯২ টি বিরোধের নিস্পত্তি করা হয়েছে। উক্ত সময়ে এডিআরের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পক্ষকে ৩,৯৬,৩৬,৮৪৯ টাকা আদায় করে দিতে সক্ষম হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

সকল জেলায় পূর্ণকালীন লিগ্যাল এইড কর্মকর্তা দেওয়া সম্ভব হয়নি। লিগ্যাল এইড কার্যালয়সমূহের ভৌত অবকাঠামোগত উন্নয়ন প্রয়োজন। বিকল্প বিরোধ নিস্পত্তি কার্যক্রমের জন্য পক্ষদের ওয়েটিং রুম, মেডিয়েশন রুমসহ গোপনীয়তা রক্ষার্থে আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রয়োজন। ডিজিটাল ই-সেবা বাস্তবায়নের জন্য উচ্চগতির ইন্টারনেট সুবিধাসহ পর্যাপ্ত প্রশিক্ষণ প্রয়োজন। আইটি ও কলসেন্টার বিষয়ে প্রয়োজনীয় দক্ষ জনবল প্রয়োজন। বিকল্প বিরোধ নিস্পত্তির মাধ্যমে মামলা জট নিরসনে লিগ্যাল এইড কর্মকর্তা (বিচারক) ও আইনজীবীগণকে উদ্বুদ্ধ করা এবং তাদের উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করে এ পদ্ধতিটির প্রয়োগে সাফল্য অর্জন।

ভবিষ্যত পরিকল্পনাঃ

- লিগ্যাল এইড অফিসসমূহের লিগ্যাল এইড বিষয়ক যাবতীয় তথ্য-উপাত্ত কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য একটি ডিজিটাল ডাটাবেইজ তৈরি করা;
- পূর্ণাঙ্গ ও কার্যকর আইনি সেবা নিশ্চিতকল্পে সরকারি-বেসরকারি পর্যায়ে পরিচালিত সকল আইনি সেবাকে একটি প্যাকেজের আওতায় এনে যৌথ উদ্যোগে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আইনি সহায়তার জন্য একটি সমন্বিত 'প্যাকেজ সার্ভিস' পরিচালনা করা;
- নিম্ন আদালত থেকে শুরু করে সর্বোচ্চ আদালত- সুপ্রীম কোর্ট পর্যন্ত দরিদ্র জনগোষ্ঠীর জন্য আরো গঠনমূলক ও উন্নত সরকারি আইনগত সহায়তা নিশ্চিত করা;
- জেলা লিগ্যাল এইড অফিসে দূর-দূরান্ত থেকে আগত নারী, শিশু ও প্রতিবন্ধীসহ সকলের জন্য পৃথক ওয়েটিং রুম, টয়লেট ও বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা;
- আইটি বিষয়ে প্রশিক্ষণ মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা।
- কল সেন্টারের মাধ্যমে বিভিন্ন ই-সেবা নিশ্চিত করা।
- শ্রমজীবী নারী ও পুরুষ কর্মীদের মজুরী, নিরাপত্তা ও চাকরীর অধিকার সংক্রান্ত বিরোধগুলো নিষ্পন্ন করতে সকল শ্রম আদালত ও ট্রাইব্যুনালে সরকারি আইন সহায়তা কার্যক্রম সম্প্রসারণ করা।

২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- মোট বিচার প্রার্থীর মধ্যে সম্ভাব্য ৮৫,০০০ জন বিচারপ্রার্থীকে সরকারি খরচে আইনি সহায়তা প্রদান।
- বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা/বিরোধ নিষ্পত্তির হার বৃদ্ধি এবং
- সচেতনতামূলক কর্মসূচীর মাধ্যমে আইনগত সচেতনতা সৃষ্টি করা;
- সরকারি আইনি সহায়তায় জাতীয় হেল্পলাইনের মাধ্যমে আইনি তথ্য প্রাপ্তির হার আরো বৃদ্ধি করা।

সেকশন ১

# সংস্থার রুপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী

**৪.১.১ রুপকল্প (Vision)**

সবার জন্য সমান আইনি সুরক্ষা করে সুবিচার প্রাপ্তির পথ সুগম করা।

**৪.১.২ অভিলক্ষ্য (Mission)**

আইনগত সহায়তা প্রদান আইন অনুসারে গরিব জনগণকে উচ্চ মানসম্পন্ন আইনগত সহায়তা প্রদান করা

**৪.১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

**৪.১.৪ মন্ত্রণালয়ের /বিভাগের কৌশলগত উদ্দেশ্যসূহ**

ক. আর্থিকভাবে অস্বচ্ছল, সহায়-সম্বলহীন, নারী ও শিশু, প্রতিবন্ধী বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদান;

খ. দরিদ্র বিচারপ্রার্থীদের ন্যায় বিচারের সহজ অভিগম্যতা নিশ্চিত করা;

গ. বিকল্প বিরোধ নিষ্পত্তির উপায়/কৌশল বাস্তবায়ন করা;

ঘ. হটলাইনের মাধ্যমে আইনি তথ্যসেবা প্রদান;

ঙ. জাতীয় পর্যায়ে ও সকল স্তরে আইনগত সহায়তা সম্পর্কিত ফলপ্রসূ জনসচেতনতামূলক কার্যক্রম;

চ. আইনগত পরামর্শ প্রদান;

ছ. সুপ্রীম কোর্টে আইনগত সহায়তা কার্যক্রম পরিচালনা,

জ. তৃণমূল পর্যায়ে আইনের সাম্যতা নিশ্চিন্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

**৪.১.৫ কার্যাবলী (Function)**

ক. জেলা পর্যায়ে আইনগত সহায়তার মানোন্নয়ন এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কার্যকরি সঠিক ও ফলপ্রসূ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার জন্য অফিস সমূহের সক্ষমতা বৃদ্ধি করা;

খ. আইনগত সহায়তা প্রদান কর্মসূচীর বিস্তার, মানোন্নয়ন ও বিকাশে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা;

গ. আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা;

ঘ. সংস্থার কর্মকর্তা, কর্মচারী ও আইনজীবীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা;

ঙ. আইনগত সহায়তা সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করা;

চ. ডিজিটাল পদ্ধতিতে সহজেই আইনি তথ্য ও পরামর্শ নিশ্চিত করা;

ছ. আইনগত শিক্ষা বিস্তারের পদক্ষেপ গ্রহণ করা;

জ. আইনগত তথ্য সহজলভ্য করা;

আমি, পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর দপ্তর প্রধান হিসেবে আইন ও বিচার বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

মোট নাম্বারঃ ৭৫

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর (Basis Year) ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বিচার প্রাপ্তিতে অভিগম্যতা; | ২৫ | [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | সহায়তাপ্রাপ্ত সুবিধাভোগীর সংখ্যা | সংখ্যা | ২০ | ৪৫,০০০ | ৫৭,৩৫৮ | ৮৫,০০০ | ৮০,০০০ | ৭৫,০০০ | ৭০,০০০ | ৬০,০০০ | ৯০,০০০ | ৯২,০০০ |
| | | [১.২] কল সেন্টারের / হট লাইনের মাধ্যমে আইনি পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.২.১] প্রকৃত আইনি সহায়তা প্রাপ্ত সুবিধাভোগী | সংখ্যা | ১০ | ৬,২১১ | ৮,০০০ | ১৪,০০০ | ১২,০০০ | ১০,০০০ | ৮,০০০ | ৭,০০০ | ১৬,০০০ | ১৮,০০০ |
| | | [১.৩] আইনগত সহায়তা প্রদানের বিষয়ে সিমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন | [১.২.১] আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান | সংখ্যা | ১০ | ১২৮ | | ২৫০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ৩০০ | ৩২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর (Basis Year) ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৪] আইনগত সহায়তা প্রদানকারীগণের প্রশিক্ষণ | [১.৪.১] কর্মকর্তাগণের প্রশিক্ষণ | সংখ্যা | ৮ | | | ২৫০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৭০ | ২৮০ | ৩০০ |
| | | | [১.৪.২] কর্মচারীগণের প্রশিক্ষণ | সংখ্যা | ৪ | | | ৪৫ | ৪২ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫৫ |
| | | [১.৫] উদ্ধুদ্ধকরণ কর্মসূচী | [১.৫.১] প্যানেল আইনজীবী ও লিগ্যাল এইড স্টেকহোল্ডার উদ্ধুদ্ধকরণ কর্মসূচী | সংখ্যা | ৩ | | | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ৩৫০ | ৪০০ |
| | | | | সংখ্যা | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর (Basis Year) ২০১৫-১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপন ২০১৯-২০ | প্রক্ষেপন ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি | | [২.১] বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) এর মাধ্যমে মামলা নিষ্পত্তি | [২.১.১] মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি (প্রি-কেইস ম্যানেজমেন্ট) | সংখ্যা | ১৫ | | | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ৪২০০ | ৪৫০০ |
| | | | [২.১.২] মামলা দায়েরের পর মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি | সংখ্যা | ৫ | | | ৬০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ২৫০ | ৮০০ | ১০০০ |

## সেকশন-৩
## সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান(Weight of Performance Indicator) | অসাধারণ(১০০%) | অতি উত্তম (৯০%) | উত্তম (৮০%) | চলতি মান(৭০%) | চলতি মানের নিম্নে(৬০%) |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | | |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (ফিডবেক) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (ফিডবেক ) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি,২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্তাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | | | | |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, | ২৮ জানুয়ারি, | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি,২০১৯ | ১১ ফেব্রুয়ারি,২ | ১৮ ফেব্রুয়ারি,২ | ২৫ ফেব্রুয়ারি,২০ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী নূন্যতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি সচিব, আইন ও বিচার বিভাগ, পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর দপ্তর প্রধানের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

.................................... ....................................

পরিচালক
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

তারিখ

.................................... ....................................

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

তারিখ